**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-06-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিশায় সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত উন্নয়নের সুফল পৌঁছে দিতে রাজ্য সরকার বদ্ধপরিকর ।**

**(২) আগামীকাল জগন্নাথ দেবের রথ যাত্রা উৎসব | মেলাঘরের ৯ দিন ব্যাপী ঐতিহ্যবাহী রথের মেলা আজ থেকে শুরু হয়েছে |**

**(৩) প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, শান্তি ও সমৃদ্ধির সঙ্গে সন্ত্রাসবাদের সহাবস্থান হতে পারে না |**

**(৪) ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের মেয়েদের স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় বড়দোয়ালী স্কুল চ্যাম্পিয়ন হয়েছে ।**

****************************************

**CM–Bishalgarh :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির দিশায় সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত উন্নয়নের সুফল পৌঁছে দিতে রাজ্য সরকার বদ্ধপরিকর। আজ বিশালগড় টাউন হলে মহকুমার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের ভার্চুয়ালভাবে উদ্বোধন ও শিলান্যাস অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী রাজ্যের সার্বিক উন্নয়নে রাজ্য সরকারের গৃহিত পদক্ষেপ বিস্তারিত উল্লেখ করেন। জরুরী অবস্থার কথা উল্লেখ করে তিনি বলেন, ২০১৪ সালে নরেন্দ্র মোদী প্রধানমন্ত্রী হিসাবে দায়িত্ব নেবার পর দেশে গণতন্ত্র প্রতিষ্ঠিত হয়।

########Byte–CM#######

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত, বিধায়ক অন্তরা সরকার দেব, সুশান্ত দেব, কমলাসাগর বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ প্রমুখ।

*************************

**Ratha Yatra :**

আগামীকাল জগন্নাথ দেবের রথ যাত্রা উৎসব। রথযাত্রা উপলক্ষে রাজ্যের বিভিন্ন জগন্নাথ মন্দিরে প্রস্তুতি চলছে। আগরতলার জগন্নাথ জিউ মন্দির থেকে আগামীকাল বিকেলে ভগবান জগন্নাথ, বলভদ্র ও সুভদ্রা দেবীকে নিয়ে একটি সুসজ্জিত রথ বের করা হবে। অন্যদিকে, ইস্কন মন্দিরের উদ্যোগেও আগরতলার পূর্বাশা প্রাঙ্গন থেকে হরেকৃষ্ণ মন্দিরের উদ্যোগে আশ্রম চৌমুহনী থেকে রথ বের করা হবে। তাছাড়া উদয়পুরের জগন্নাথ মন্দির থেকেও রথযাত্রার আয়োজন করা হবে।

রথযাত্রা উৎসব উপলক্ষ্যে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু রাজ্যবাসীকে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছাবার্তায় তিনি বলেন, এই উৎসব একতা, সমতা এবং ভগবান ও ভক্তের মধ্যে বন্ধনের প্রতীক।' এই উৎসব রাজ্যবাসীর জন্য আনন্দ, ভালোবাসা, সুখ, সমৃদ্ধি, শান্তি ও সৌভ্রাতৃত্ববোধ বয়ে নিয়ে আসবে বলে তিনি আশা ব্যক্ত করেন।

**************************

**Rath-Melaghar :**

মেলাঘরের ৯ দিন ব্যাপী ঐতিহ্যবাহী রথের মেলা আজ থেকে শুরু হয়েছে। বিধায়ক বিন্দু দেবনাথ আজ বিকেলে এই মেলার উদ্বোধন করেন। এই উপলক্ষ্যে মেলাঘরের জগন্নাথ বাড়ির মুক্ত মঞ্চে আয়োজিত অনুষ্ঠানে বিধায়ক তফাজ্জল হোসেন, মেলাঘর পুর পরিষদের চেয়ারপার্সন অনামিকা ঘোষ পাল রায়, প্রাক্তন মন্ত্রী বিল্লাল মিয়া, সিপাহীজলা জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল প্রমুখ উপস্থিত ছিলেন।

*************************

**DAJBA-Ratan Lal Nath :**

বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ বলেছেন ধরতি আবা জনভাগিদারি অভিযান মূল উদ্দেশ্য জনজাতি সম্প্রদায়ের অধিকার রক্ষা করা, আর্থ-সামাজিক চ্যালেঞ্জ মোকাবেলা করা এবং সরকারী বিভিন্ন পরিষেবা প্রদানের মাধ্যমে আর্থিক স্বাধীনতা বৃদ্ধি করা। আজ মোহনপুরের লেফুঙ্গায় ধরতি আবা জনভাগিদারি অভিযান উপলক্ষ্যে এক প্রসাশনিক শিবিরের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, এই কর্মসূচি আগামী ৩০শে জুন পর্যন্ত চলবে।

*************************

**Bio power Generation :**

জৈবশক্তি সঞ্চারণ সক্ষমতার প্রশ্নে বিগত ১১ বছরে নানা প্রতিবন্ধকতা কাটিয়ে বিকল্প সমাধানের সন্ধান দিচ্ছে ভারত। বিশেষ করে জৈব গ্যাস সঞ্চারণ সক্ষমতা সম্প্রসারণে এদেশের প্রয়াস শুধুমাত্র একটি প্রকল্পে দৈনিক ৮ টন থেকে বেড়ে চলতি বছরের মার্চ মাসে দৈনিক ১হাজার ২১১ টন হয়েছে। প্রকল্পের সংখ্যাও বেড়ে হয়েছে একশো পঞ্চাশ। একটি প্রতিবেদন।

######VC######

**************************

**Disrupted Train Service :**

লামডিং-বদরপুর পাহাড় লাইনে আগামী সোমবার থেকে পুনরায় রেল চলাচল শুরু হতে পারে বলে জানিয়েছেন এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা। তিনি আজ আকাশবাণীর প্রতিনিধিকে জানান, প্রায় ১০০ মিটার এলাকা জুড়ে ধ্বস পরিষ্কারের জন্য যুদ্ধকালীন তৎপরতায় কাজ চলছে। এদিকে, আগামীকালের ০৫৬২৭ আগরতলা-গুয়াহাটি বিশেষ রেল বাতিল করা হয়েছে।

আগামীকালের ০৭০২৯ আগরতলা-চারলাপল্লি বিশেষ রেলটি গুয়াহাটি পর্যন্ত চলাচল করবে। ১২৫০৩ SMVT ব্যাঙ্গালুরু-আগরতলা এক্সপ্রেস ট্রেনটিও

গুয়াহাটি পর্যন্ত চলাচল করবে। এই রেলগুলোর গুয়াহাটি থেকে আগরতলা পর্যন্ত যাত্রা বাতিল করা হয়েছে।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*****************************

**Rajnath Singh :**

চীনের ক্যুইংডাওতে সাংহাই সহযোগিতা সংস্থার প্রতিরক্ষা মন্ত্রীদের বৈঠকে ভারত যৌথ ঘোষণাপত্রে স্বাক্ষর করতে অস্বীকৃতি জানিয়েছে। সরকারি সূত্র জানিয়েছে যে ভারত যৌথ নথির ভাষা নিয়ে সন্তুষ্ট নয় এবং এতে সীমান্ত পারের সন্ত্রাসী কার্যকলাপের কোনও উল্লেখ নেই।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং বলেছেন, শান্তি ও সমৃদ্ধির সঙ্গে সন্ত্রাসবাদের সহাবস্থান হতে পারে না। চীনের কুইংদাওতে সাংহাই সহযোগিতা সংগঠন এস সি ও-র প্রতিরক্ষামন্ত্রীদের সম্মেলনে আজ তিনি একথা বলেন। সন্ত্রাসবাদীদের হাতে জনবিধ্বংসী অস্ত্র বৃদ্ধি নিয়েও তিনি উদ্বেগ প্রকাশ করেন। মৌলবাদ, চরমপন্থা এবং সন্ত্রাসবাদের সমস্যা মোকাবিলায় নির্ণায়ক পদক্ষেপের জন্য আহ্বান জানান শ্রী সিং। পেহেল্লামে সন্ত্রাসবাদী হামলার

প্রসঙ্গ তুলে ধরে তিনি বলেন, এই হামলা লস্কর-এ-তৈবার হামলার ধরনের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। সন্ত্রাসের বিরুদ্ধে প্রতিরোধের অধিকার থেকেই ভারত অপারেশন সিঁদুর পরিচালনা করে সীমান্তের ওপারে সন্ত্রাসী ঘাঁটিতে সুনির্দিষ্ট হামলায় সেগুলি ধ্বংস করে দিয়েছে বলেও প্রতিরক্ষামন্ত্রী জানিয়েছেন। সন্ত্রাসে মদত যোগানো, আশ্রয়, প্রশ্রয় ও ব্যবহারকারীদের স্বার্থপর মনোভাবের জন্য অবশ্যই ফল ভোগ করতে হবে বলেও তিনি সতর্ক করেন।

****************************

**Sanvidhan Hatya Diwas :**

১৯৭৫-এ ২৫ ও ২৬ জুনের মাঝামাঝি গভীর রাত। সারা দেশে গণতন্ত্র ও সাংবিধানিক ভিত্তি ভূমিতে কুঠারাঘাত হলো। ভারতীয় গণতন্ত্রের জন্য সে যেন ছিল এক কালো দাগ। সাংবিধানিক কাঠামোকে হাতিয়ার করেই জনগণের বিরুদ্ধে নেমে আসতে থাকলো একের পর এক আক্রমন। একটি প্রতিবেদন।

###########VC###########

*************************

**Axiom-4 mission docks with the ISS :**

ভারতীয় মহাকাশচারী শুভাংশু শুক্লাকে বহনকারী অ্যাকজিয়ম-ফোর যানটি আজ বিকেলে আন্তর্জাতিক মহাকাশ কেন্দ্র আই এস এস ডকিং প্রক্রিয়া সফলভাবে সম্পন্ন করেছে। ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো জানিয়েছে ভারতীয় সময় বিকেল সাড়ে চারটে নাগাদ আই এস এস এর সঙ্গে যুক্ত হওয়ার মাধ্যমে গ্রুপ ক্যাপ্টেন শুক্লাই নাসার কক্ষপথ পরীক্ষাগার পরিদর্শনকারী প্রথম ভারতীয় হলেন। অ্যাকজিয়ম -ফোর যান চারজন মহাকাশচারীকে নিয়ে ফ্লোরিডায় নাসার কেনেডি স্পেস সেন্টার থেকে গতকাল ভারতীয় সময় দুপুর ১২:০১ মিনিটে যাত্রা শুরু করে। যাত্রার এক মিনিটের মধ্যেই গ্রুপ ক্যাপ্টেন শুক্লা এক বার্তায় দেশবাসীকে জানান, ৪১ বছর বাদে আবার ভারত মহাকাশে। এ এক আশ্চর্য অভিযাত্রা। প্রথম

ভারতীয় মহাকাশচারী রাকেশ শর্মার পর তিনি দ্বিতীয় ভারতীয় হিসেবে মহাকাশে যাত্রা করেছেন। তার এই সফল যাত্রা সূচনার পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই প্রয়াসকে স্বাগত জানিয়ে বলেন, গ্রুপ ক্যাপ্টেন শুক্লা একশো চল্লিশ কোটি ভারতবাসীর শুভকামনা ও প্রত্যাশা বহন করে নিয়ে যাচ্ছেন।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে জুন, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৩তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন এমাসের আগামীকাল পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

**ECI :**

নির্বাচন কমিশনের উদ্যোগে দিল্লিতে আজ থেকে শুরু হয়েছে বিএলও এবং সুপারভাইজারদের দুদিনের প্রশিক্ষণ শিবির। রাজ্য থেকে ৬০ জন বি.এল.ও এবং ৬০ জন সুপারভাইজার এই শিবিরে অংশ নিয়েছেন।

***************************

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত সদরের মেয়েদের স্কুল ক্রিকেট প্রতিযোগিতায় বড়দোয়ালী স্কুল চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি

স্টেডিয়ামের অনুষ্ঠিত আসরের ফাইন্যাল খেলায় বড়দোয়ালী স্কুল ৯ উইকেটে আসাম রাইফেলস পাব্লিক স্কুলকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে আসাম রাইফেলস পাব্লিক স্কুল নির্দ্ধারিত ২০ ওভারে ৫ উইকেট হারিয়ে ৭৬ রান করে। জবাবে বড়দোয়ালী স্কুল ১৫ ওভার ২ বল–এ ১ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে।

*****************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতে সর্তকতা জারি করা হয়েছে। আগামীকাল দিনের তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৬ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ দশমিক এক ডিগ্রি সেলসিয়াস।

*****************************